

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩  
৩৭/৩/এ, ইফাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।  
www.dme.gov.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং : ৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৭.১৭- ২২২ তারিখঃ ১৪.০২.২০১৮ খ্রিঃ।  
বিষয়ঃ চাঁদপুর আহ্মাদিয়া ফাযিল মাদরাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর ঢাকা-এর প্রতিনিধি মনোনয়ন প্রদান প্রসঙ্গে।  
সূত্র (১) চাঁদপুর আহ্মাদিয়া ফাযিল মাদরাসার, স্মারক নং-০৫/টা-আ.ফা.মা./২০১৮ খ্রি. তারিখঃ ২২.০১.২০১৮ খ্রিঃ।  
(২) শিক্ষা মন্ত্রণালয়ের শাখা-২৪(মাদরাসা-২)এর স্মারক নং-শিম/শাখা-২৪/বিবিধ-০-৮/২০০৮(অংশ/২৭৪) তারিখঃ ০৯.০৯.২০১৫ খ্রিঃ।  
উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত (১) নং স্মারকে উল্লিখিত মাদরাসার অধ্যক্ষ, এর আবেদনের প্রেক্ষিতে সূত্রোক্ত (২) নং স্মারকের মাধ্যমে মাদরাসা শিক্ষা অধিদপ্তরের উপর অর্পিত ক্ষমতা বলে ড. মো: আ: মান্নান মোল্লা, সহকারী পরিচালক (দাখিল ও এব: মাদরাসা), কে ডিজির প্রতিনিধি হিসেবে মনোনয়ন দেয়া হয়েছিল। কিন্তু ইতোমধ্যে ড. মো: আ: মান্নান মোল্লা বদলি জনিত আদেশে আদিষ্ট হয়ে এ অধিদপ্তর থেকে বদলি হয়ে অন্যত্র যোগদান করেন বিধায় তাঁর পরিবর্তে মো: হেলাল উদ্দীন, পরিদর্শক কে ডিজির প্রতিনিধি হিসেবে মনোনয়ন দেয়া হলো। নিম্নবর্ণিত মাদরাসায় “উপাধ্যক্ষ” পদে নিয়োগের লক্ষ্যে ছকে বর্ণিত কর্মকর্তাকে উক্ত মাদরাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর প্রতিনিধি হিসেবে মো: হেলাল উদ্দীন, পরিদর্শক -কে নিম্নলিখিত শর্তে দায়িত্ব পালনের নিমিত্ত নিদেশক্রমে মনোনয়ন প্রদান করা হলো-

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	নিয়োগের বিষয়/পদ	পূর্বের প্রতিনিধি	বর্তমান প্রতিনিধি
০১.	চাঁদপুর আহ্মাদিয়া ফাযিল মাদরাসা, সদর, চাঁদপুর। ফোন নং- ০১৮২৯-০৭৭৪৯৪	১. “উপাধ্যক্ষ”-০১টি	ড. মো: আ: মান্নান মোল্লা সহকারী পরিচালক, (দাখিল ও এব: মাদরাসা) মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা ০১৭১১৯৬৭৬৫৩	মো: হেলাল উদ্দীন পরিদর্শক মাদরাসা শিক্ষা অধিদপ্তর ০১৭২১-৪৪৪৩৫১

শর্তাবলী :

- শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫-৯৪২ (অংশ) তারিখঃ ১১.১১.২০১৫ খ্রিঃ এবং শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০. ০০০০.০৭১.০৮.০০৮.০৫-১০৮১, তারিখঃ ৩০.১২.২০১৫ খ্রিঃ এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণক্রমে নিয়োগ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- কোনভাবেই নিয়োগ সংক্রান্ত বর্তমানে বিদ্যমান সর্বশেষ নীতিমালা/বিধি/সার্কুলার এর ব্যত্যয় ঘটানো যাবে না।
- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের অনুচ্ছেদ ৬.৩ (গ) ও (ঘ) এবং প্রযোজ্য অন্যান্য অনুচ্ছেদ মোতাবেক প্যাটার্নভুক্ত গুণ্যপদে শিক্ষক/কর্মচারী নিয়োগের জন্য সুপারিশ করবেন। এক্ষেত্রে প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতিপত্র/অধিভুক্তি সর্বশেষে এমপিও শীট এবং শিক্ষক/কর্মচারীর তালিকা যাচাই করতে হবে। ২৪ মার্চ ২০১৩ তারিখের জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকায় অনুমোদিত পদে ও অতিরিক্ত কোন পদে নিয়োগ/বাছাই পরীক্ষা গ্রহণে ডিজির প্রতিনিধি হিসাবে অংশ গ্রহণ করা যাবে না।
- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের অনুচ্ছেদ: ১১ (১) এবং পরিশিষ্ট মোতাবেক কাম্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা বিহীন প্রার্থীকে শিক্ষক/কর্মচারী হিসাবে নিয়োগের জন্য সুপারিশ করা যাবে না।
- মহিলা কোটা পূরণের ক্ষেত্রে ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের অনুচ্ছেদ: ৯ (নয়) এবং তৎপরবর্তীতে জারীকৃত নির্দেশনা (যদি থাকে) পূঙ্জানুপূঙ্জরূপে অনুসরণ করতে হবে।
- প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতি/অধিভুক্তি এবং নিয়মিত গভর্নিং বডি/ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান না থাকলে শিক্ষক-কর্মচারী নিয়োগের সুপারিশ করা যাবে না।
- শিক্ষক/কর্মচারী নিয়োগ সংক্রান্ত বাছাই পরীক্ষা সমন্বিত ফলাফল শীটে অবশ্যই ডিজির প্রতিনিধি হিসেবে তাঁর নাম, পদবী, আইডি নম্বর ও ঠিকানা সন্মিলিত সীল ব্যবহার করে তারিখসহ স্বাক্ষর করতে হবে।
- ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের পরবর্তী কোন সংশোধনী থাকলে তা যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং মামলা থাকলে সংশিষ্ট পদে নিয়োগের সুপারিশ করা যাবে না।
- মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর প্রতিনিধি হিসাবে উপরিউক্ত নির্দেশনাবলী পূঙ্জানুপূঙ্জরূপে প্রতিপালন ব্যতীত বেসরকারি মাদরাসায় শিক্ষক/কর্মচারী নিয়োগের সুপারিশ করা হলে শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/০৬/২০০৬ তারিখের নং শাঃ৪/মামলা/৮/২৩০/২০০৬/১১৯১ পরিপত্র মোতাবেক মনোনীত প্রতিনিধির বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- “নিয়োগযোগ্য পদটি/পদসমূহ এমপিওভুক্তির যোগ্য না হলে সংশিষ্ট পদে নিয়োগপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীকে ১০০% বেতন-ভাতা প্রতিষ্ঠান হতে প্রদান করা হবে” শর্তটি ডিজির প্রতিনিধি নিয়োগ পরীক্ষার ফলাফল শীটে এবং মাদরাসা কর্তৃপক্ষ নিয়োগ অনুমোদনের রেজুলেশন ও নিয়োগ পত্রে উল্লেখ করবেন।
- নিয়োগ সংক্রান্ত কার্য সম্পন্ন করার পর তিনি এ সংক্রান্ত একটি প্রতিবেদন মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিল করবেন।

14.02.18

(মো: আফাজ উদ্দীন)

সহকারী পরিচালক (সর: ও সিনিয়র মাদরাসা)  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর  
টেলিফোন নং- ৪১০৩০১৬৭  
ই-মেইল-dgdmeb@gmail.com

০১. মো: হেলাল উদ্দীন  
পরিদর্শক  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর

০২. অধ্যক্ষ, চাঁদপুর আহ্মাদিয়া ফাযিল মাদরাসা, ডাক, উপজেলা ও জেলা: চাঁদপুর।

অনুলিপি: ০১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা।

- জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর।
- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, চাঁদপুর।
- অফিস কপি।